

*AGREEMENT  
BETWEEN  
THE GOVERNMENT OF THE KINGDOM OF CAMBODIA  
AND  
THE GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
ON  
VISA EXEMPTION FOR HOLDERS OF DIPLOMATIC  
AND SERVICE / OFFICIAL PASSPORTS*

---

*The Government of the Kingdom of Cambodia and the Government of the People's Republic of Bangladesh hereinafter referred to as the "Parties",*

*With a view to further promoting friendly relations between the two countries,*

*Desiring to simplify and facilitate the travel of diplomatic and service / official passport holders of the two countries to accomplish their missions.*

*Have agreed as follows:*

*ARTICLE 1*

*Citizens of the Kingdom of Cambodia and the People's Republic of Bangladesh, holding valid diplomatic or service / official passports, shall be permitted to enter into or exit from the territory of the State of the other Party through their respective international points of entry without visas.*

*ARTICLE 2*

*Citizens of either Party referred to in Article 1 of this Agreement shall be permitted to enter and stay in the territory of the State of the other Party for a period not exceeding thirty (30) days from the date of entry.*

*ARTICLE 3*

*Members of diplomatic missions, consular posts or international organizations, holding valid diplomatic or service / official passports of either Party, as well as their family members, shall be permitted to enter and stay in the territory of the State of the other Party for a period not exceeding thirty (30) days without obtaining a visa. Such period of stay shall, upon the request of either Party's diplomatic mission, be extended until the end of their assignments.*

#### ARTICLE 4

1. *The exemption of visa requirements mentioned in Article 1 of this Agreement shall include the exemption of the requirement of an exit permit or transit visa.*

2. *If a citizen of the State of either Party loses or damages his/her passport in the territory of the other Party, the diplomatic mission shall inform the other Party. When the diplomatic mission issues a fresh passport or travel document to the aforementioned person, it shall inform the other Party.*

#### ARTICLE 5

1. *Both Parties shall reserve the right to prevent the entry, or shorten or terminate duration of the stay of citizens of the other Party whose presence is considered undesirable or who are declared persona non grata.*

2. *Citizens of either Party entitled to visa exemption under this Agreement shall abide by the laws and regulations in force in the territory of the other Party during their stay in the respective territories.*

#### ARTICLE 6

*The Parties shall exchange through diplomatic channels their respective specimens of valid diplomatic and service / official passports, within thirty (30) days after the date of signing this Agreement. Any Party intends to modify its passports shall present a specimen of the new passport to the other Party thirty (30) days prior to its official introduction.*

#### ARTICLE 7

*Each Party may temporarily suspend the application of this Agreement either in whole or in part for reasons of public order, State security or public health protection or other special reasons. The commencement and termination of such suspension shall be notified in writing to the other Party through diplomatic channels, at least fifteen (15) days prior to the intended date of the commencement and termination of such suspension of this Agreement.*

#### ARTICLE 8

*Any disputes or differences arising out of the interpretation or implementation of this Agreement shall be settled amicably through consultations or negotiations between the Parties.*

## ARTICLE 9

*This Agreement may be amended or revised by mutual written consent between the Parties through diplomatic channels. Such amendment or revision shall enter into force thirty (30) days after receipt of the last notification by either Party and shall form an integral part of this Agreement.*

## ARTICLE 10

*1. This Agreement shall enter into force thirty (30) days after both Parties have completed their respective domestic legal procedures necessary for the Agreement to take effect and their mutual notification of the completion through exchange of diplomatic notes.*

*2. This Agreement shall remain in force unless either Party notifies the other Party in writing through diplomatic channels of its intention to terminate it. It shall cease to be effective ninety (90) days after the date of such notification.*

*IN WITNESS WHEREOF, the undersigned, being duly authorized thereto by their respective Governments, have signed this Agreement.*


*Done at Phnom Penh on 03 May 2013, in duplicate in the Khmer, Bangla and English languages, all texts being equally authentic. In case of any divergence of interpretation, the English text shall prevail.*

**FOR**  
**THE GOVERNMENT OF**  
**THE KINGDOM OF CAMBODIA**



**H.E. LONG VISALO**  
Secretary of State  
Ministry of Foreign Affairs  
and International Cooperation

**FOR**  
**THE GOVERNMENT OF**  
**THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH**



**H.E. Kazi Imtiaz Hossain**  
Ambassador Extraordinary and Plenipotentiary

রাজতন্ত্রী কম্বোডিয়া সরকার  
এবং  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মধ্যে  
কূটনৈতিক এবং সার্ভিস/অফিসিয়াল পাসপোর্টধারীদের  
ভিসা অব্যাহতি বিষয়ক চুক্তি

রাজতন্ত্রী কম্বোডিয়া সরকার এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অতঃপর যারা পক্ষদ্বয় হিসেবে অভিহিত;

দেশ দুইটির মধ্যকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক জোরদারকরণের নিমিত্তে;

কূটনৈতিক এবং সার্ভিস/অফিসিয়াল পাসপোর্টধারীদের দায়িত্ব সম্পাদনের জন্য তাদের ভ্রমণ সরলীকরণ এবং সহজতর করার অভিপ্রায়ে;

পক্ষদ্বয় এই মর্মে নিম্নরূপ সম্মতি প্রকাশ করছে :

অনুচ্ছেদ-১

রাজতন্ত্রী কম্বোডিয়া এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের কূটনৈতিক এবং সার্ভিস/অফিসিয়াল পাসপোর্টধারী নাগরিকগণ অপর দেশের আন্তর্জাতিক বন্দরসমূহ ব্যবহার করে সেই দেশের অধিক্ষেত্রাধীন এলাকায় প্রবেশ এবং বহির্গমনের ক্ষেত্রে ভিসা অব্যাহতি লাভ করবে।

অনুচ্ছেদ-২

অত্র চুক্তির অনুচ্ছেদ-১ এ উল্লেখিত যে কোন পক্ষের নাগরিকগণ অপর পক্ষের অধিক্ষেত্রাধীন এলাকায় প্রবেশ করতে এবং ত্রিশ দিনের অনধিককাল সময় অবস্থান করতে অনুমতি প্রাপ্ত হবেন।

অনুচ্ছেদ-৩

কূটনৈতিক ও কনসুলার মিশন এবং আন্তর্জাতিক সংস্থায় কর্মরত ব্যক্তিবর্গ, যারা পক্ষভুক্ত একটি দেশের কূটনৈতিক এবং সার্ভিস/অফিসিয়াল পাসপোর্টধারী এবং তাদের পরিবারের সদস্যবৃন্দ ভিসা গ্রহণ ব্যতিরেকে অপর দেশের অধিক্ষেত্রাধীন এলাকায় প্রবেশ করতে এবং

### অনুচ্ছেদ-৭

জনশৃংখলা, রাষ্ট্রীয় নিরাপত্তা অথবা জনস্বাস্থ্য রক্ষা অথবা অন্যবিধ বিশেষ কারণে যে কোন পক্ষ অত্র চুক্তির সম্পূর্ণ অথবা আংশিক প্রয়োগ সাময়িকভাবে স্থগিত করতে পারবে। অত্র স্থগিতাদেশ কার্যকরীকরণ অথবা অবসানের বিষয়টি উক্ত স্থগিতাদেশ কার্যকরীকরণ অথবা অবসানের জন্য নির্ধারিত সময়ের ন্যূনতম পনের দিন পূর্বে যথাযথ কূটনৈতিক প্রক্রিয়ায় লিখিতভাবে অপর পক্ষকে অবহিত করবে।

### অনুচ্ছেদ-৮

অত্র চুক্তির ব্যাখ্যা বা বাস্তবায়নের ক্ষেত্রে উদ্ভূত কোন বিরোধ পক্ষদ্বয়ের মধ্যে সৌহার্দপূর্ণ আলোচনা অথবা পারস্পরিক সমঝোতার মাধ্যমে নিষ্পত্তি করা হবে।

### অনুচ্ছেদ-৯

যথাযথ কূটনৈতিক প্রক্রিয়া উভয় পক্ষের লিখিত সম্মতির ভিত্তিতে অত্র চুক্তি পুনঃপরীক্ষণ/পুনর্বিক্ষণ অথবা সংশোধন যোগ্য হবে। উক্তরূপ পুনঃপরীক্ষণ/পুনর্বিক্ষণ অথবা সংশোধন কোন পক্ষ হতে প্রাপ্ত এ বিষয়ে সর্বশেষ লিখিত নোটিশ প্রাপ্তির ত্রিশ দিন পর কার্যকরী হবে।

### অনুচ্ছেদ-১০

১. উভয় পক্ষ কর্তৃক অত্র চুক্তি বলবৎ করণের জন্য প্রয়োজনীয় অভ্যন্তরীণ আইনগত প্রক্রিয়া সম্পন্নকরণের বিষয়ে অপর পক্ষকে কূটনৈতিক প্রক্রিয়ায় অবহিত করণের ত্রিশ দিন পর অত্র চুক্তি বলবৎ হবে।
২. কোন পক্ষ কর্তৃক অপর পক্ষকে কূটনৈতিক প্রক্রিয়ায় লিখিতভাবে চুক্তি অবসানের ইচ্ছা প্রকাশ না করা পর্যন্ত অত্র চুক্তি বলবৎ থাকবে। চুক্তি অবসানের এইরূপ লিখিত নোটিশ প্রাপ্তির পর নব্বই দিন পর্যন্ত অত্র চুক্তি বলবৎ থাকবে।

উপরোক্ত সম্মতিসমূহের সাক্ষ্যস্বরূপ, নিম্নোক্ত স্বাক্ষরকারীগণ নিজ নিজ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র চুক্তি স্বাক্ষর করলেন।

ত্রিশ দিনের অনধিককাল সময় অবস্থান করতে অনুমতি প্রাপ্ত হবেন। সংশ্লিষ্ট কূটনৈতিক মিশনের অনুরোধক্রমে এই অবস্থানকাল তাদের দায়িত্বকাল পূর্ণ হওয়া পর্যন্ত বর্ধিত হবে।

#### অনুচ্ছেদ-৪

১. অত্র চুক্তির অনুচ্ছেদ-১ এ উল্লেখিত ভিসা অব্যাহতি বলতে বহির্গমন অনুমতি অথবা ট্রানজিট ভিসার প্রয়োজনীয়তাকে অন্তর্ভুক্ত করবে।
২. যদি কোন এক পক্ষের কোন নাগরিকের পাসপোর্ট অপর পক্ষের অধিক্ষেত্রাধীন এলাকায় হারিয়ে যায় বা ক্ষতিগ্রস্ত হয়, সেক্ষেত্রে তার দেশের কূটনৈতিক মিশন অপর পক্ষকে তা অবহিত করবে। সংশ্লিষ্ট কূটনৈতিক মিশন এরকম ব্যক্তির অনুকূলে নতুন পাসপোর্ট অথবা ট্রাভেল ডকুমেন্ট ইস্যু করলে অপর পক্ষকে তা অবহিত করতে হবে।

#### অনুচ্ছেদ-৫

১. যে কোন পক্ষ অপর পক্ষের ভিসা অব্যাহতি প্রাপ্ত কোন নাগরিককে অনাকাঙ্খিত অথবা অবাঞ্ছিত বিবেচনা করলে উক্ত ব্যক্তির প্রবেশে অসম্মতি জ্ঞাপন অথবা অবস্থান সংক্ষিপ্তকরণ অথবা অবস্থানের অবসান ঘটানোর অধিকার সংরক্ষণ করবে।
২. এই চুক্তির আওতায় ভিসা অব্যাহতি প্রাপ্ত কোন ব্যক্তি অপর পক্ষের অধিক্ষেত্রাধীন এলাকায় অবস্থানকালে সেই দেশের অধিক্ষেত্রাধীন এলাকায় বলবৎ আইন ও প্রচলিত নিয়মকানুনসমূহ মেনে চলবে।


#### অনুচ্ছেদ-৬

অত্র চুক্তি স্বাক্ষরিত হবার ত্রিশ দিনের মধ্যে পক্ষদ্বয় পরস্পরের সহিত তাদের বৈধ কূটনৈতিক এবং সার্ভিস/অফিসিয়াল পাসপোর্ট সমূহের নমুনা বিনিময় করবে। কোন পক্ষ কর্তৃক পরবর্তীতে এইরূপ কোন পাসপোর্ট পরিবর্তন করার ক্ষেত্রে পরিবর্তিত পাসপোর্ট আনুষ্ঠানিকভাবে কার্যকরীকরণের ত্রিশ দিন পূর্বে অপর পক্ষকে পরিবর্তিত পাসপোর্টের নমুনা প্রেরণ করবে।

নমপেনে অদ্য দুই হাজার তের খ্রিস্টাব্দের তেসরা মে তারিখে খেমার, বাংলা এবং ইংরেজী ভাষায় দুই প্রস্তে চুক্তিটি রচিত হলো, যা আইনগত দিক থেকে সমভাবে প্রযোজ্য হবে। তবে এই চুক্তির অর্থ ব্যাখ্যার ক্ষেত্রে মতপার্থক্য দেখা দিলে ইংরেজী ভাষায় রচিত অনুলিপিটি প্রাধান্য লাভ করবে।

রাজতন্ত্রী কম্বোডিয়া সরকারের পক্ষে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে



(লং ভিসালো)

সেক্রেটারি অব স্টেট

পররাষ্ট্র এবং আন্তর্জাতিক সহযোগিতা

বিষয়ক মন্ত্রণালয়

(কাজী ইমতিয়াজ হোসেন)

কম্বোডিয়ার সমবর্তী দায়িত্বে নিযুক্ত রাষ্ট্রদূত